



পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয়: নলকা, সিরাজগঞ্জ।

সূত্র নং-২৮.১৮.০০০০.০৩৩.১১.০০১.২১.৪৯৬৩

তারিখ: ০২/১১/২০২১

মৌখিক পরীক্ষার সময় কাগজপত্র জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর নিয়োগ বিজ্ঞপ্তি নং ২৮.১৮.০০০০.০৩৩.১১.০০১.২১.৪৯৬৩, তারিখ: ০৯/০৩/২০২১ এর বিপরীতে সহকারী ব্যবস্থাপক (প্রশাসন), সহকারী ব্যবস্থাপক (হিসাব), সহকারী কর্মকর্তা (প্রশাসন) ও সহকারী কর্মকর্তা (হিসাব) পদের বিপরীতে ১৮/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে মৌখিক পরীক্ষার যোগ্য প্রার্থীদের রোল নম্বর, মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান উল্লেখসহ বিজ্ঞপ্তি নং-২৮.১৮.০০০০.০৩৩.১১.০০১.২১.৪৯৫৫, তারিখ: ৩১/১০/২০২১ ইত্যপূর্বে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত পত্রিকায়, পিজিসিএল ও পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং যোগ্য প্রার্থীদের নিকট sms প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, মৌখিক পরীক্ষা পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এর ঢাকা লিয়াজৌ অফিস, , লেভেল-১৩, পেট্রোসেন্টার, ৩, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ অনুষ্ঠিত হবে।

যোগ্য প্রার্থীদের নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত কাগজপত্রসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রের মূল কপি দেখাতে হবে এবং সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক এক সেট সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে সাজিয়ে মৌখিক পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে মহাব্যবস্থাপক (প্রশাসন), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, নলকা, সিরাজগঞ্জ- বরাবর লিখিত আবেদনের মাধ্যমে মৌখিক পরীক্ষার বোর্ডের নিকট জমা প্রদান করতে হবে :

- (ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি রঞ্জিন পাসপোর্ট সাইজ ছবি, অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের Applicant Copy ও লিখিত পরীক্ষার Admit Card এর কপি;
- (খ) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসমূহ, মার্কশিট/ Transcript; বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্ৰাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
- (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
- (ঘ) জাতীয় পরিচয়পত্র/স্মার্টকার্ড অথবা জন্মনিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হয়েছে);
- (ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার অংশগ্রহণের সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র ;
- (চ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
- (ছ) বীর মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদনকারীকে পিতা/মাতার মুক্তিযোদ্ধার গেজেটের কপি, সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র এবং প্রতিবন্ধী হিসেবে আবেদনকারীকে সমাজকল্যাণ অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট অফিস কর্তৃক প্রদত্ত সনদ উপস্থাপন করতে হবে ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- (জ) সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র যেমন- অভিজ্ঞতা, প্রশিক্ষণ ইত্যাদি (আবেদন পত্রে যদি উল্লেখ করা হয়ে থাকে)।

(এ.কে.এম.মাহমুদ হাসান চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক (এইচ.আর)